# চট্টগ্রাম বোর্ড-২০১৭

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান-৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

**১.▶** ১ জুলাই, ২০১৬ ঢাকার গুলশানের হলি আর্টিজেন বেকারি এন্ড রেস্টুরেন্টে একদল শিক্ষিত বিপথগামী যুবক নৃশংস হামলা চালিয়ে দেশি-বিদেশিসহ ২২ জন মানুষকে নির্মমভাবে হত্যা করে। এটি এদেশের ইতিহাসের একটি জঘন্যতম হত্যার ঘটনা।

ক. শিক্ষার শ্রেষ্ঠ দিক কোনটি? ১

খ. 'অর্থ সাধনাই জীবন সাধনা নয়'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত যুবকদের মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে বর্ণিত শিক্ষার কোন দিকটি অনুপস্থিত? বর্ণনা করো। ৩

ঘ. 'উদ্দীপকে উল্লিখিত ঘটনা 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধ লেখকের প্রত্যাশার বিপরীত।'— মূল্যায়ন করো। ৪

**২.▶** ঝালকাঠি জেলার সদর উপজেলার তারুলী গ্রামের পিতৃহারা শিউলির বিয়ে হয় একই উপজেলার সোহেলের সাথে। যৌতুকের কোনো কথা না থাকলেও বিয়ের পর হতেই যৌতুকের দাবিতে স্বামী সোহেল শিউলিকে অকথ্য ভাষায় গালি গালাজসহ শারীরিক নির্যাতন করত। পিতৃহারা দরিদ্র যৌতুকের দাবি পূরণ না করার কারণে নির্যাতন সহ্য করতে না পেরে স্বামীগৃহ ত্যাগ করে।— দৈনিক যুগান্তর, ১১ সেপ্টেম্বর ২০১৬

ক. রামসুন্দরের জ্যেষ্ঠ পুত্রের নাম কী? ১

খ. বেহাই বাড়িতে রামসুন্দরের কোনো মূল্যায়ন না থাকার কারণ কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের শিউলি 'দেনাপাওনা' গল্পের কোন চরিত্রের প্রতিনিধি? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটিতে 'দেনাপাওনা' গল্পের সমগ্র ভাবের প্রতিফলন ঘটেছে কী? যৌক্তিক মতামত দাও। ৪

https://teachingbd24.com

৩.▶ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের ভয়াবহ দিনগুলিতে এদেশের অনেকেই মা-মাটির সাথে চরম বেইমানি করে হানাদার পাকিস্তানিদের পক্ষ নেয়। কিন্তু এদেশের মুক্তি পাগল বীর যোদ্ধারা অন্যায়ের কাছে কোনোরূপ আপোষ করেনি; এমনকী নিজেদের আপনজনকে বাঁচাতেও হানাদারদের সামনে মাথা নত করেনি।

ক. জেনারেল নিয়াজি কতজন সৈন্য নিয়ে আত্মসমর্পণ করেন? ১

খ. স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে শিল্পীরা ছদ্মনাম ব্যবহার করতেন কেন? ২

গ. উদ্দীপকের মুক্তিযোদ্ধাদের সাথে 'একাত্তরের দিনগুলি' গল্পের শরীফ সাহেবের সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত মুক্তিযোদ্ধাদের কার্যক্রম 'একাত্তরের দিনগুলি' গল্পের সমগ্রভাবকে ধারণ করে কী? যুক্তি দাও। ৪

৪.▶ সমাজে অসামাজিক কার্যকলাপ ও মাদকের ভয়াবহ ব্যবহার দেখে কলেজ পড়ুয়া তিন যুবক আরমান, শফিক ও জব্বার যুবসমাজকে এর হাত থেকে বাঁচাতে সামাজিক আন্দোলন চালিয়ে যাবার সিদ্ধান্ত নেয়। কিছু ক্ষেত্রে তারা সফলতা পেলেও অধিকাংশ ক্ষেত্রেই তাদেরকে প্রবল বাধার সম্মুখীন হতে হয়। এমনকী শারীরিক নির্যাতনসহ অপমানিতও হতে হয়। তবুও তারা দৃঢ় প্রতিজ্ঞ যত বাধাই আসুক এ আন্দোলন তারা চালিয়ে যাবেই।

ক. তায়েফের অবস্থান কোথায়? ১

খ. খাদিজা (রহ.)-এর হযরত মুহম্মদ (স.)-কে পছন্দ করার কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সাথে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের কোন ঘটনার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত যুবকদের কর্মকাণ্ডে মুহম্মদ (স.) চরিত্রের মানবীয় গুণাবলির সকল দিক চিত্রিত হয়েছে কী?— যৌক্তিক মতামত দাও। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ পৃথিবীর সমুদয় নিজ পরিজন।
সন্তোষের সিংহাসনে বাস করে মন॥
আত্মার সহিত সব সমতুল্য গণে।
মাতা পিতা জ্ঞাতি ভাই ভেদ নাহি মনে॥

ক. 'আজারি' শব্দের অর্থ কী? ১

খ. 'ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়।'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'মানুষ' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা বর্ণনা করো। ৩

ঘ. 'উদ্দীপকটি 'মানুষ' কবিতার সমগ্রভাবকে প্রকাশ করে না।'— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৬. ▶ পাকিস্তান রাষ্ট্রের সৃষ্টিতে বাঙালির অবদান অপরিসীম। বৃটিশ ভারত থেকে স্বাধীনতা প্রাপ্তির পর ২৪ বছর ধরে অকৃতজ্ঞ পাকিস্তানি শাসকবর্গ আমাদেরকে নিষ্ঠুরভাবে শাসন-শোষণ করেছে। পরিশেষে শক্তি দিয়ে, সংগ্রাম করে অগণিত শহিদদের তপ্ত খুনে অঙ্কিত হয়েছে লাল সবুজের পতাকা।

ক. অধীর আগ্রহে সবাই বসে আছে কীসের প্রতীক্ষায়? ১

খ. জলপাই রঙের ট্যাঙ্ককে দানবের সাথে তুলনা করা হয়েছে কেন? ২

গ. 'তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা' কবিতার যে ভাবটি উদ্দীপকে ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা' কবিতার আংশিক প্রতিফলন মাত্র'— মন্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

৭. ▶ কেউবা রঙিন কাঁথায় মেলিয়া বুকের স্বপন খানি,
তারে ভাষা দেয় দীঘল সুতার মায়াবী আখর টানি।
আজিকে বাহিরে শুধু ক্রন্দন ছলছল জলধারে,
বেণু-বনে বায়ু নাড়ে এলোকেশ, মন যেন চায় কারে।

ক. ফররুখ আহমদ কত সালে মৃত্যুবরণ করেন? ১

খ. 'বৃষ্টি' কবিতায় 'বিষণ্ন মেদুর' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে 'বৃষ্টি' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'বৃষ্টি' কবিতার আংশিক প্রতিফলন মাত্র, বিশ্লেষণ করো। ৪

## গ অংশ — উপন্যাস

৮. ▶ "এ দেশ বিপন্ন আজ, জানি আজ নিরন্ন জীবন মৃত্যুরা প্রত্যহ সঙ্গী, নিয়ত শত্রুর আক্রমণ রক্তের আল্পনা আঁকে, কানে বাজে আর্তনাদের সুর; তবুও সুদৃঢ় আমি, আমি এক ক্ষুধিত মজুর। আমার সম্মুখে আজ এক শত্রু; এক লাল পথ, শত্রুর আঘাত আর বুভুক্ষার উদ্দীপ্ত শপথ।

ক. কে রাজাকার কমান্ডারের বাড়িতে আগুন দিয়েছিল? ১

খ. গ্রামে গণকবর হবার কারণ কী? ২

গ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিককে ইঙ্গিত করে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূলভাবেরই প্রতিচ্ছবি'— মন্তব্যটি যথার্থতা নিরূপণ করো। ৪

৯. ▶ গোলাম খাঁ বিজয় নগরের ভূ-স্বামী। তাঁর নাম শুনলেই সবাই ভয় পায়। গ্রামের কেউ তাঁর কথা অমান্য করলে চরম মূল্য দিতে হয়। তাঁর এ সমস্ত অন্যায় ও

https://teachingbd24.com

অবৈধ কাজের নিত্য সঙ্গী কানকাটা জগু। সারাক্ষণ খাঁ সাহেবকে কুপরামর্শ দেয়। নানা অজুহাতে গ্রামবাসীর হালের বলদ, ঘরের টিন, পুকুরের মাছ নিয়ে যাওয়াই জগুর কাজ।

ক. 'জননী' উপন্যাসটি কার লেখা? ১

খ. বুধা মাটি কাটার দলে যোগ দেয় কেন? ২

গ. উদ্দীপকের জগুর সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চরিত্রের সাদৃশ্য আছে তার স্বরূপ ব্যাখ্যা করো। ৩

ঘ. "উক্ত চরিত্রের বিরুদ্ধে প্রতিশোধ নিতেই শুধু বুধার কাকতাড়ুয়া সাজা নয়"— মন্তব্যটির সত্যতা বিচার করো। ৪

## ঘ অংশ — নাটক

১০.▶ গ্রামের মেয়ে নাসিমা বিএ পাস করে একটা এনজিওতে চাকরি করে। বাইসাইকেলে চড়ে তাকে গ্রামে গ্রামে কাজ করতে হয়। গ্রামের কিছু লোক এটাকে ভালো চোখে দেখে না। তারা গ্রামের অন্যদেরকে বুঝিয়ে নাসিমাকে চাকরি ছাড়তে চাপ দেন। ঐ গ্রামের শিক্ষিত যুবক সংগ্রাম। সে এর প্রতিবাদ করে। সংগ্রাম বলে "দিন বদলেছে, আমাদের চিন্তা চেতনারও পরিবর্তন দরকার।"

ক. বহিপীরের বাড়ি কোন জেলায়? ১

খ. এবার তার সাধের স্বপ্নও ভাঙবে— কারণ কী? ২

গ. উদ্দীপকের গ্রামের লোকের চিন্তায় 'বহিপীর' নাটকে ফুটে ওঠা কোন চেতনার প্রতিফলন লক্ষ করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের সংগ্রামের দিন বদলের ভাবনায় 'বহিপীর' নাটকের সকল চরিত্র প্রভাবিত নয়। উক্তিটি মূল্যায়ন করো। ৪

১১.▶ নিভৃত পল্লির নিজাম উদ্দীন অত্যন্ত পিরভক্ত একজন মানুষ। নিজগ্রামে পিরের আস্তানা থাকায় প্রতিদিন দু'বেলা সেখানে ঝাড়ু দেওয়া, মোমবাতি-আগরবাতি জ্বালানোকে সে এবাদত হিসাবে গণ্য করে। তার দৃঢ় বিশ্বাস মানুষের যাবতীয় কল্যাণ-অকল্যাণ সব কিছু পিরের দোয়ায়-বরকতে হয়ে থাকে। সে বিশ্বাস করে পির যদি তার প্রতি সন্তুষ্ট থাকে তাহলে আল্লাহও তার প্রতি সন্তুষ্ট থাকবেন।

ক. নাটকের উপাদান কয়টি? ১

খ. বিয়ের রাতে তাহেরার পালাবার কারণ কী? ২

গ. উদ্দীপকটি 'বহিপীর' নাটকের কোন দিকের প্রতিফলন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'বহিপীর' নাটকের তৎকালীন সমাজ বাস্তবতার সকল দিক চিত্রিত করতে সক্ষম হয়েছে কী? যুক্তিসহ মতামত দাও। ৪

https://teachingbd24.com

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. অপুর খেলনা পিস্তলটির দাম কত পয়সা?
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ

২. পয়লা বৈশাখকে লেখক কোন কারণে শ্রেষ্ঠ উৎসব বলেছেন?
ক সংস্কৃতির খ ঐক্যের
গ সামাজিকতার ঘ ঐতিহ্যের

৩. শিলার দাদি পিঠা বানালে অমঙ্গলের আশঙ্কায় সব সময় প্রথম পিঠাটি জঙ্গলে ফেলে দেন। কাউকে খেতে দেন না।— শিলার দাদি 'বহিপীর' নাটকের কোন চরিত্রের বৈশিষ্ট্য ধারণ করেছেন?
ক হাশেম খ হাতেম
গ খোদেজা ঘ তাহেরা

৪. বন্যা কোথায় পূর্ণ প্রাণের জোয়ার আনে?
ক আবাদি গ্রামে খ রুক্ষ মাঠে
গ নদীর ফাটলে ঘ তৃষিত বনে

৫. 'সাহসী জননী বাংলা' কবিতায় কোন দুটি নদীর নাম আছে?
ক ধলেশ্বরী ও সুরমা খ শীতলক্ষ্যা ও যমুনা
গ মেঘনা ও গোমতি ঘ বুড়িগঙ্গা ও পদ্মা

৬. বড় বড় বিষয় দেখার যোগ্যতা যাদের, তাদেরও দৃষ্টি এড়িয়ে যায় কোনটি?
ক সূক্ষ্ম বিষয় খ গুরুত্বপূর্ণ বিষয়
গ হালকা বিষয় ঘ জটিল বিষয়

৭. নক্ষত্রের তলে সেদিনো কে স্বপ্ন দেখবে?
ক শিশির খ পৃথিবী
গ নদী ঘ মাঠ

৮. 'নিরীহ বাঙালি' রচনায় লেখিকা বাঙালির—
ক সমালোচনা করেছেন
খ দুর্বলতা খুঁজেছেন
গ ঐতিহ্য সন্ধান করেছেন
ঘ সংস্কৃতির বর্ণনা দিয়েছেন

৯. কবি সৈয়দ শামসুল হক কোন শহরে জন্মগ্রহণ করেন?
ক নীলফামারি খ পঞ্চগড়
গ লালমনিরহাট ঘ কুড়িগ্রাম

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নম্বর প্রশ্নের উত্তর দাও:

'সব লোকে কয় লালন কী জাত সংসারে
লালন কয় জাতের কী রূপ দেখলাম না এ নজরে'

১০. উদ্দীপকের ভাববস্তুর সাথে সাদৃশ্য রয়েছে নিচের কোন চরণের?
ক তিমির রাত্রি, পথ জুড়ে তার ক্ষুধার মানিক জ্বলে
খ মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান
গ ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়
ঘ তোমার মিনারে চড়িয়া ভণ্ড গাহে স্বার্থের জয়

১১. উক্ত চরণে প্রকাশ পেয়েছে—
i. মানবপ্রেম
ii. সাম্যবাদ
iii. মানুষের শ্রেষ্ঠত্ব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. আমি কি বকরি-ঈদের গরু-ছাগল নাকি? তাহেরার এ কথায় প্রকাশ পেয়েছে—
ক প্রতিবাদ খ বিরক্তি
গ হতাশা ঘ অনুশোচনা

১৩. বন বিভাগের জনৈক কর্মকর্তা রাতের আঁধারে বনের গাছ কেটে বিক্রি করে প্রচুর অর্থের মালিক হন।— 'শিক্ষা ও মনুষ্যত্ব'— রচনার আলোকে বলা যায় উদ্দীপকের কর্মকর্তা—
i. অর্থচিন্তার নিগড়ে বন্দি
ii. শিক্ষার সুফল হতে বঞ্চিত
iii. মনুষ্যত্বের স্বাদ লাভে ব্যর্থ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. আর কি হে হবে দেখা?
— এখানে প্রকাশ পেয়েছে
ক অসাহয়ত্ব খ অনিশ্চয়তা
গ সংকোচ ঘ বিরহ

১৫. নৌকা থেকে নেমে দেবী অন্নপূর্ণা কোন দিকে যাত্রা করেন?
ক পূর্ব খ পশ্চিম
গ উত্তর ঘ দক্ষিণ

১৬. ১৬ ডিসেম্বর, ১৯৭১ সাল কী বার ছিল?
ক সোমবার খ মঙ্গলবার
গ বুধবার ঘ বৃহস্পতিবার

Teachingbd24.com

১৭. বাংলা সাহিত্যে ছন্দের রাজা কে?
ক রবীন্দ্রনাথ ঠাকুর　　খ সত্যেন্দ্রনাথ দত্ত
গ জীবনানন্দ দাশ　　ঘ যতীন্দ্রমোহন বাগচী

১৮. ফজু চাচার মাটি কাটার দলে বুধার যোগ দেওয়ার পেছনে কাজ করেছে কোনটি?
ক দেশপ্রেম　　খ সাহস
গ দারিদ্র্য　　ঘ একাকিত্ব

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

'দেখিনু সেদিন রেলে
কুলি বলে এক বাবু সা'ব তারে ঠেলে দিল নিচে ফেলে।'

১৯. উদ্দীপকের 'তারে' তোমার পঠিত 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কাদের সাথে সামঞ্জস্যপূর্ণ?
ক ধনিক শ্রেণি　　খ বণিক
গ মেহনতি মানুষ　　ঘ মধ্যবিত্ত শ্রেণি

২০. উদ্দীপকে উল্লিখিত বাবু সা'ব এবং পঠিত প্রবন্ধের ভদ্র সম্প্রদায় উভয়েই—
i. নিপীড়ক
ii. অভিজাত
iii. উদার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

২১. অন্ধবধূর নিকট কোনটির স্পর্শ মায়ের স্নেহের মতো?
ক বকুল ফুল　　খ নতুন সিঁড়ি
গ শীতল জল　　ঘ দখিন হাওয়া

২২. গৃহকর্ম নিপুণা লক্ষ্মী বউটির ঠিক 'এক দশা' নিমগাছ গল্পে 'এক দশা' শব্দটি নিমগাছ ও লক্ষ্মী বউকে সমর্থন করে—
ক জীবনধারায়　　খ উপকারী মনোভাবে
গ প্রশংসা প্রাপ্তিতে　　ঘ নিরহংকারী চেতনায়

২৩. 'মানুষ বাঁচে তার কর্মের মাঝে' এই উক্তির ভাব-বস্তুর সাথে মিল আছে কোন কবিতার?
ক মানুষ　　খ প্রাণ
গ জীবন সঙ্গীত　　ঘ কপোতাক্ষ নদ

২৪. জীবন সঙ্গীত কবিতায় কবি কীসের আশা করতে নিষেধ করেছেন?
ক সম্পদের　　খ লাভের
গ সুখের　　ঘ দীর্ঘায়ুর

২৫. 'সব ব্যাটারাই এখন বামুন-কায়েত হতে চায়'— 'অভাগীর স্বর্গ' গল্পে এ বক্তব্যে কোন ভাব ফুটে উঠেছে?
ক বিরক্তি　　খ ক্রোধ
গ ক্ষোভ　　ঘ বিদ্রুপ

২৬. 'দেনাপাওনা' গল্পে পিসিমা কে?
ক নিরুপমার শাশুড়ি
খ নিরুপমা
গ রামসুন্দরের স্ত্রী
ঘ নিরুপমার বৌদি

২৭. এমন জোয়ান-মর্দ ছেলে, মায়ের আঁচল ধরিয়া বসিয়া থাকিবার অভ্যাস কেন? উক্তিটি কার?
ক হকিকুল্লার　　খ বহিপীরের
গ খোদেজার　　ঘ তাহেরার

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

গ্রামে ডাকাতের উপদ্রব বেড়ে গেলে অধিকাংশ গ্রামবাসী গ্রাম ছেড়ে পালিয়ে যেতে থাকে। কিন্তু বিশ্ববিদ্যালয় পড়ুয়া রাকিব গ্রাম ছেড়ে যেতে চায় না। সে বলে, গ্রামটা আমার। এখান থেকে আমি এক পাও নড়ব না।

২৮. উদ্দীপকের রাকিবের সাথে কাকতাড়ুয়া উপন্যাসের সাদৃশ্যপূর্ণ চরিত্র কোনটি?
ক ফুলকলি　　খ মতিউর
গ বুধা　　ঘ কুন্দি

২৯. উল্লিখিত চরিত্রে খুঁজে পাওয়া যায়—
i. মানবিকতা
ii. দেশাত্মবোধ
iii. অসীম সাহস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

৩০. 'এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা করো'— এই উক্তিতে হযরত মুহম্মদ (স.)-এর কোন গুণ প্রকাশ পেয়েছে?
ক বিশ্বস্ততা
খ ক্ষমাশীলতা
গ বিচক্ষণতা
ঘ অনাড়ম্বরতা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd24.com